গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
সিপি-৩ শাখা

# ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক ৩য় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. মোঃ সহিদউল্যাহ<br>অতিরিক্ত সচিব (সিপিটি অনুভিগ), জনপ্রশাসন মন্ত্রণালয় |
| সভার তারিখ | ০৯ মার্চ ২০২২ |
| সভার সময় | বিকাল ৪.০০ ঘটিকা। |
| স্থান | অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের কক্ষ (ভবন নং-০৩, কক্ষ নং-১০১) জনপ্রশাসন মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, সরকারি কাজে ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী ধারণা প্রয়োগের মাধ্যমে সেবার গুণগত মানোন্নয়ন এর লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী কর্মপরিকল্পনাকে আবশ্যিক কর্মকাড হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ে উদ্ভাবনী কার্যক্রমকে উৎসাহ প্রদানের জন্য উদ্ভাবন সংক্রান্ত প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের মাধ্যমে কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ ছাড়া, বিভিন্ন সেবাকে ডিজিটাইজ করা হচ্ছে এবং যেখানে সুযোগ রয়েছে সেখানে সেবা প্রদানের ধাপ কমিয়ে সেবা সহজীকরণের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। উদ্ভাবনী কোন উদ্যোগ পাওয়া গেলে তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে ।

০২। সভাপতির অনুমতিক্রমে সিপি-৩ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বিগত সভার সিদ্ধান্তসমূহ ও বার্ষিক কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর প্রতিটি সূচকের বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। তিনি সভাকে জানান যে, মাঠ পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগ উৎসাহিত করতে ও সরকারি সেবায় উদ্ভাবনী কার্যক্রমের সুফল সেবাগ্রহিতাদের পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে কয়েক বছর থেকে বিভাগীয় পর্যায়ে ইনোভেশন শোকেসিং আয়োজন করা হচ্ছে। এ বছর বিভাগী পর্যায়ে ইনোভেশন শোকেসিং আয়োজনের লক্ষ্যে প্রশাসন-৪ শাখা হতে ইতোমধ্যে বরাদ্দকৃত অর্থ ছাড় করা হয়েছে। বিভাগীয় পর্যায়ে এপ্রিল/২০২২ সময়ের মধ্যে ইনোভেশন শোকেসিং আয়োজনের জন্য সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। আটি বিভাগে ইনোভেশন শোকেসিং থেকে যে সকল সম্ভাবনাময় উদ্ভাবনী উদ্যোগ পাওয়া যাবে তা পরবর্তীতে পাইলটিং-এর মাধ্যমে অন্যত্র ছাড়িয়ে দেওয়ার উদ্যোগ গ্রহণ করা হবে।

০৩। সভায় জানানো হয়, বিগত ২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে সিপি-১ শাখার উদ্যোগে আইসিটি অধিদপ্তরের উদ্যোগে 'বঙ্গবন্ধু পদক জনপ্রশাসন পদক ব্যবস্থাপনা সিস্টেম' প্রণয়ন করে চালু করা হয়েছে। সিস্টেমটি ইতোমধ্যে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদকের আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণের জন্য ব্যবহার করা হচ্ছে। এ উদ্যোগটিকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১.১ কার্যক্রমের আওতায় উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন হিসেবে বিবেচনা করা যেতে পারে। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন।

০৪। সিপি-৩ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভাকে জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় উদ্ভাবনী ধারণা পাইলটিং-এর বিষয়ে সিদ্ধান্ত রয়েছে। বাংলাদেশ ফরম ও স্টেশনারি দপ্তরের একটি উদ্ভাবনী ধারণা খুবই আকর্ষণীয় এবং ব্যবহারকারী-বান্ধব মর্মে জানা গেছে। উক্ত উদ্ভাবনী ধারণাটি সম্পর্কে অবহিত হওয়ার লক্ষ্যে সভায় বাংলাদেশ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের স্টেশনারি

অফিসের উপপরিচালককে, সভায় আমন্ত্রণ জানানো হয়েছে। উপপরিচালক জনাব ব্রেনজন চাম্বুগং বর্ণিত 'DPP Store Management Systems' এর বিষয়ে একটি উপস্থাপনা পেশ করেন। সফটওয়্যার সিস্টেমটির নির্মাণ এখনো পরিপূর্ণভাবে সম্পন্ন হয়নি মর্মে তিনি জানান। এটি সম্পন্ন হলে আরও ব্যবহারকারী-বান্ধব ও উপকারী হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। উদ্যোগটি এখনো পাইলটিং-এর জন্য প্রস্তুত নয় মর্মে সভায় আলোচনা হয়।

০৫। উপসচিব, শৃংখলা-১ জানান, জনপ্রশাসন মন্ত্রণালয়ের শাখাসমূহ সচিবালয়ের অভ্যন্তরে ও বাইরে বিভিন্ন ভবনে বিভিন্ন তলায় অবস্থিত। কোন সেবাগ্রহীতা কিংবা কর্মকর্তাকে প্রয়োজনীয় শাখা ও দপ্তর খুঁজে পেতে কষ্ট হয়। মন্ত্রণালয়ের ওয়েবসাইটে কর্মকর্তাদের তথ্যের সঙ্গে তাঁদের কক্ষ নম্বর প্রকাশ করা হলে তা সকলের জন্য উপকারী হবে। অন্যান্য সদস্যগণও এ বিষয়ে একমত পোষণ করেন।

০৬। সিপি-৩ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভাকে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের সূচক অনুযায়ী কর্মপরিকল্পনার সকল লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের জন্য কার্যক্রম চলমান রয়েছে।পর্যালোচনায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে তৃতীয় ত্রৈমাসিকে সবগুলো সূচকের অর্জন সন্তোষজনক মর্মে সদস্যবৃন্দ মত প্রকাশ করেন। সভাপতি অবশিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের পূর্বেই যাতে অর্জন করা যায় সে লক্ষ্যে কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

০৭। <u>সিদ্ধান্ত:</u>

(১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সূচক অনুযায়ী সকল লক্ষমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনে সচেষ্ট থাকতে হবে।

(২) মাঠ-পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগ উৎসাহিত করতে বিভাগীয় পর্যায়ে ইনোভেশন শোকেসিং এপ্রিল/২০২২ সময়ের মধ্যে আয়োজনের কার্যক্রম গ্রহণ করতে হবে।

(৩) 'বঙ্গবন্ধু পদক জনপ্রশাসন পদক ব্যবস্থাপনা সিস্টেম' প্রবর্তনের কার্যক্রমটিকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১.১.১ কর্মসম্পাদন সূচকের আওতায় বাস্তবায়িত কার্যক্রম হিসেবে বিবেচনা করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে হবে।

(৪) সেবা গ্রহীতাদের সেবাপ্রাপ্তি আরো সহজলভ্য করতে মন্ত্রণালয়ের শাখা কর্মকর্তাদের তথ্যেরে সঙ্গে সংশ্লিষ্ট শাখার কক্ষ নম্বর ওয়েবসাইটে প্রকাশের উদ্যোগ গ্রহণ করতে হবে।

০৮। অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ সহিদউল্যাহ
অতিরিক্ত সচিব (সিপিটি অনুবিভাগ),
জনপ্রশাসন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০১.০০৪.২১.৩৩

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৮
১৩ মার্চ ২০২২

সদয় অবগিত ও কার্যাথে জন্য প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপসচিব, প্রশাসন-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

২) উপসচিব, প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) উপসচিব, সওব্য-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৪) উপসচিব , শৃঙ্খলা-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৫) উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৬) উপসচিব, প্রেষণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৭) উপসচিব, বাবাকো শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৮) উপসচিব, আইন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (কার্যবিবরনীটি ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধসহ)

১০) ব্যক্তিগত কর্মকর্তা, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য)

১১) সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্ম সচিব (সিপি) মহোদয়ের সদয় অবগতির জন্য)

মৌরীন করিম
সিনিয়র সহকারী সচিব